



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ২৬ ফেব্রুয়ারি, ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

আজ ২৬ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট-এ আন্তঃবিভাগ ক্রিকেট টুর্নামেন্ট-২০১৮ এর ফাইনাল খেলার পুরস্কার বিতরণ করেন মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

এ সময় সংক্ষিপ্ত বক্তব্যে বিজয়ী দলকে অভিনন্দন জানিয়ে তিনি বলেন, খেলাধুলায় গড়ে উঠা বন্ধুত্বের সম্পর্কগুলো ভবিষ্যৎ জীবনে প্রেরণা জোগাবে। এই বিশ্ববিদ্যালয় সর্বদা খেলাধুলা আয়োজনে অগ্রগণ্য ভূমিকা পালন করে।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. ইলিয়াস উদ্দীন বিশ্বাস, খেলাধুলা ও ক্রীড়া উপ-কমিটির সভাপতি প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার, অর্থনীতি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর সৈয়দ হাসানুজ্জান, শারীরিক শিক্ষা দপ্তরের উপ-পরিচালক চৌধুরী সউদ বিন আশ্বিয়া, প্রক্টর জহির উদ্দিন আহমদ এবং অর্থনীতি বিভাগ ও গণিত বিভাগের অন্যান্য শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য ফাইনাল খেলায় অর্থনীতি বিভাগ গণিত বিভাগকে ৬৩ রানে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)
রেজিস্ট্রার